

তপশিল

[ধারা ২(৮), ৫ ও ১০ দ্রষ্টব্য]

জামানতযোগ্য অস্থাবর সম্পত্তি

ক্রমিক নম্বর	অস্থাবর সম্পত্তির বিবরণ
(১)	(২)
১।	রপ্তানির উদ্দেশ্যে অথবা রপ্তানি আদেশ অনুযায়ী পণ্য প্রস্তুতের কাঁচামাল যাহা প্রয়োজনীয় দলিল দ্বারা সমর্থিত ও সুরক্ষিত।
২।	ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে গচ্ছিত স্থায়ী আমানতের সনদ।
৩।	স্বর্ণ, রৌপ্য এবং অন্যান্য মূল্যবান ধাতু যাহার ওজন ও বিশুদ্ধতার মান স্বীকৃত কর্তৃপক্ষ দ্বারা সাটিফাইড।
৪।	নিবন্ধিত কোম্পানির শেয়ার সাটিফিকেট।
৫।	মেধাস্বত্ব অধিকার দ্বারা স্বীকৃত মেধাস্বত্ব পণ্য।
৬।	কোনো সেবার প্রতিশ্রুতি যাহার বিপরীতে সেবাগ্রহীতার মূল্য পরিশোধের স্বীকৃত প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে।
৭।	বিধি দ্বারা নির্ধারিত মৎস্য , গবাদিপশু, দভায়মান বৃক্ষ ও শস্যাদি , ফলজ উদ্ভিদ ও ঔষধি উদ্ভিদ।
৮।	বিধি দ্বারা নির্ধারিত আসবাবপত্র , ইলেকট্রনিক পণ্য, সফটওয়্যার ও অ্যাপস যাহার মূল্য প্রাক্কলন করা সম্ভব।
৯।	যথাযথ কর্তৃপক্ষের রেজিস্ট্রেশন প্রাপ্ত যান্ত্রিক বা বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য যানবাহন।
১০।	যথাযথভাবে সংরক্ষিত কৃষিজাত পণ্য , প্রক্রিয়াজাত মৎস্য বা জলজ প্রাণি , বন্য প্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ (২০১২ সনের ৩০ নং আইন) এর তপশিল এ বর্ণিত রক্ষিত বন্যপ্রাণী (protected animal) ও উভচর (amphibians) ব্যতীত কোনো আয়বর্ধক জীবজন্তু (অজাত

	শাবকসহ)।
১১।	সুরক্ষা স্বার্থ সৃষ্টিকারী যে কোনো ধরনের চুক্তি , বন্ধক, শর্ত সাপেক্ষে বিক্রয়, ডিবেঞ্চার, যে কোনো চার্জ বা কিস্তিতে ক্রয় চুক্তি।
১২।	এই আইনের অধীন সৃষ্ট সুরক্ষা স্বার্থের , সম্পূর্ণকরণ এবং কার্যকর সংক্রান্ত বিধানাবলি ব্যতীত অন্য কোনো আইনে অনুমোদিত বা উহার অধীন কোনো পূর্বস্বত্ব (lien), চার্জ বা অন্যান্য স্বার্থ।
১৩।	কোনো হিসাবের হস্তান্তর বা স্বত্ব অর্পণ যদি এইরূপ হস্তান্তর বা স্বত্ব অর্পণ কোনো দায় এর কার্যসম্পাদন বা পরিশোধ নিশ্চিত না করিয়া থাকে।
১৪।	বিধি দ্বারা নির্ধারিত ১ (এক) বৎসরের অধিক মেয়াদি কোনো ইজারা।
১৫।	সড়ক পরিবহণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৬ এর অধীন রেজিস্ট্রিকৃত কোনো মোটরযান এবং জামিনদারের দখলে থাকা কোনো পণ্যের উপর সৃষ্ট সুরক্ষা স্বার্থ।
১৬।	কোনো বার্ষিক ভাতা বা বীমা পলিসির অধীন সৃষ্ট কোনো স্বার্থ বা দাবি , এবং জামানতের কোনো ক্ষয়ক্ষতি বা লোকসান হইতে উদ্ধৃত ক্ষতিপূরণ বা ক্ষতিপূরণের নিশ্চয়তা হিসাবে কোনো বীমা পলিসির অধীন প্রাপ্য অর্থ বা অন্য কোনো আর্থিক অধিকার।